আজি শুভদিনে পিতার ভবনে
অমৃতসদনে চলো যাই,
চলো চলো, চলো ভাই ॥

না জানি সেথা কত সুখ মিলিবে,
আনন্দের নিকেতনে–
চলো চলো, চলো যাই ।

মহোৎসবে ত্রিভুবন মাতিল,
কী আনন্দ উথলিল–
চলো চলো, চলো ভাই ॥

দেবলোকে উঠিয়াছে জয়গান,
গাহো সবে একতান–
বলো সবে জয়-জয় ॥



# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮১

## ডিসেম্বর ২০২৪

DATE OF PUBLISHING
6th DECEMBER'2024

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

ASSOCIATION SAMBAD DECEMBER 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

ডিসেম্বর - ২০২৪

## সম্পাদকের কলমে

**"রঙ রয়েছে কষ্টে আমার, রঙ রয়েছে সুখে**
**রঙ রয়েছে ডুবতে থাকা সেই সূর্যের মুখে"**

পৌষের কাছাকাছি রোদ মাখা সেই দিন ফিরে এলো আবার। মনজানালা খুলে টের পাচ্ছি, দখিনা বাতাস নাম ধরে ডেকে জানান দিচ্ছে, চালতার পাতা থেকে টুপ টুপ জ্যোৎস্নায়, হেমন্তের শিশিরের নীরবে ঝরে পড়ার শব্দ।

কান পাতলে শোনা যাচ্ছে, লাজুক প্রেমিকার মতো আলতো স্বরে বলা, পাতা খসানোর খস খস শব্দ। মিষ্টি সকালগুলো, কিশোরীর ভালোবাসার মতো হালকা কুয়াশার চাদর জড়িয়ে জানান দিচ্ছে, আবার এসেছে ফিরে সোহাগী শীত। মনমাতানো ফুলের ভরা বাতাসে, শীতল শীতল প্রাণের কথায়, এক রবির ম্রিয়মাণ তেজে আদর মাখা মিষ্টি রোদে, গানে গল্পে নৃত্যে আর এক রবি জেগে ওঠে বাঙালির মননে। হালকা শীত ও শরীরের ওমের যে সম্পর্ক সেটা প্রাণ পেয়েছে বাহারী নকশী কাঁথা অঙ্গে জড়িয়ে, কোল বালিশের নরম ছোঁয়ায়। হালকা ঠান্ডার আদর ভরা রাত কাটছে উষ্ণতায়। নয়ন মধুর স্বপ্নে জড়ানো লগনে, ভেসে আসে মোহময়ী বাঁশির সুর। ভালো লাগে কড়া মিঠে রোদে পিঠ দিয়ে প্রিয়জনের সাথে আড্ডায়, গানে বা কবিতায়, সাথে ধূমায়িত চায়ের কাপ আর মনোলোভা খাবারের আয়োজনে।

উত্তরপূর্ব ভারতের অন্যতম একটি রাজ্য নাগাল্যান্ড। প্রতিবছর ডিসেম্বর মাসের প্রথম দশদিন, নাগা উপজাতির সাংস্কৃতিক বৈচিত্র্যের একটি অভূতপূর্ব মিলনমেলার আয়োজন করা হয়, রাজধানী শহর কোহিমার অনতিদূরে কিসামা গ্রামে। এই বিখ্যাত উৎসবকে ঘিরে, বিভিন্ন উপজাতির মানুষেরা তাঁদের ঐতিহ্যমণ্ডিত পোশাকে সুসজ্জিত হয়ে, সাবেকি অস্ত্র ও বাজনা সহকারে নৃত্য ও সঙ্গীতের প্রদর্শন করেন। পৃথিবীর নানা প্রান্ত থেকে অসংখ্য উৎসাহী মানুষ এই নাগা হেরিটেজ গ্রামে হাজির হয়ে ১৬টি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী জীবনধারারার সাথে পরিচিত হওয়ার সুযোগ পান। এই বিশেষ উৎসবে নাগাল্যান্ডের এই ১৬টি জনগোষ্ঠীর জীবনযাত্রা, ইতিহাস, সংস্কৃতি-কৃষ্টি লোককাহিনীর ইতিহাস তুলে ধরা হয় এই হেরিটেজ কিসামা গ্রামে।

বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লীর, অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং আমাদের কার্যনির্বাহী সমিতির সদস্যদের তরফ থেকে, সকলকে, বিশ্বপিতার জন্মদিন অর্থাৎ বড়দিনের অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইলো। আনন্দের ও ভালোবাসার ছোঁয়ায়, আপনারা সপরিবারে ভালো থাকবেন, সুস্থ থাকবেন ও আনন্দে থাকবেন।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

আমরা বাঙালিরা, বাংলা নিয়ে ভাবতে, বাংলা নিয়ে কথা বলতে, বাংলায় গান গাইতে বিশেষভাবে পছন্দ করলেও, একটা প্রতিষ্ঠিত সংগঠনের ছত্রছায়ায় থেকে, আমাদের লক্ষ্য হচ্ছে, আমাদের চিন্তাভাবনা, আমাদের কর্মপ্রচেষ্টা, আমাদের কর্মকান্ড আরও একটু সুদূরপ্রসারী হয়ে বিবিধের মাঝে মহান মিলন ঘটাতে ছড়িয়ে পড়ুক দিকে দিকে। কারণ নিজের মাতৃভাষাকে, সঠিকভাবে লালন পালন করতে হলে, এর মিষ্টি সুরকে বিশ্বব্যাপী ভিন্ন সাংস্কৃতিক মনস্ক ব্যক্তিদের কর্ণকুহরে পৌঁছে দিয়ে সমন্বয় সাধন করতে গেলে, সাংস্কৃতিক আদান প্রদান করার বিশেষ প্রয়োজন। এরই লক্ষ্যে, গত ১৫-১৬ই নভেম্বর দিল্লির বেঙ্গল অ্যাসেসিয়েশনের একক উদ্যোগে, রাজধানী দিল্লির মান্ডি হাউস সংলগ্ন কোপার্নিকাস মার্গে অবস্থিত রবীন্দ্র ভবনের মেঘদূত অ্যাম্ফিথিয়েটারে অনুষ্ঠিত হলো, বিশ্ব সঙ্গীতের দুর্দান্ত এক কনসার্ট (ওয়ার্ল্ড মিউজিক কনসার্ট)। আমাদের এই আন্তরিক আয়োজনে, দেশ-বিদেশের বিভিন্ন সঙ্গীত ও সংস্কৃতির সহাবস্থান ঘটিয়ে, এর সমৃদ্ধ ইতিহাস একে অপরের সংস্পর্শে এসে, জীবনধারার একটি জানালা খুলে বহু সংস্কৃতিবাদ অর্থাৎ সাংস্কৃতিক বৈচিত্র্য গড়ে তুলতে সক্ষম হয়েছিলাম আমরা।। আমাদের এই নিরলস প্রচেষ্টা শুধুমাত্র নুতন প্রজন্মকে একটা সুখকর বার্তা দেওয়ার লক্ষ্যেই। এই বিশেষ আয়োজনের উদ্বোধনী অনুষ্ঠান ছিলো বেশ অভিনব। প্রখ্যাত সুরকার সলিল চৌধুরীকে স্মরণ করে, ওনারই সৃষ্ট গানের সুরকে, দিল্লির সুপরিচিত বংশীবাদক পঙ্কজ মিশ্র তাঁর সুরেলা বাঁশির সুরে বেঁধে, উপস্থিত সকলকে মোহিত করেন। সেই চমৎকার আবহে একঝাঁক গুণী ব্যক্তিত্ব, প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের শুভসূচনা করলেন। উদ্বোধনী সন্ধ্যায়, বেঙ্গল অ্যাসোসিয়েশনের সভাপতি তপন রায় এবং সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলীর সাথে, বিশিষ্ট ব্যক্তিত্ব হিসাবে উপস্থিত ছিলেন প্রখ্যাত নৃত্যশিল্পী

পদ্মশ্রী শোভনা নারায়ণ, বিশিষ্ট বংশীবাদক শিল্পী পণ্ডিত রাজেন্দ্র প্রসন্ন এবং পশ্চিমবঙ্গের আবাসিক কমিশনার উজ্জয়িনী দত্ত। সকল গুণীমানুষের সংক্ষিপ্ত ভাষণের পর, মহিলা সদস্যবৃন্দের শঙ্খধ্বনি, বাংলার ঢাকের নিনাদের সাথে শুরু হয়েছিল বাংলার বাউল শিল্পীদের সঙ্গীত পরিবেশন।

এরপর পণ্ডিত কিষেন মহারাজের সুযোগ্য শিষ্যারা, মঞ্চ আলো করে শুরু করেছিলেন কথক নৃত্যের অসামান্য এক পরিবেশন। প্রবীণ গিটারিস্ট দীপক ক্যাস্টেলিনো, দিল্লির অন্যতম সংস্থা ইচ্ছেবিতানের কচিকাঁচাদের ‘ধিতাং ধিতাং বোলে’ গায়কীর সুরে, ছন্দ মিলিয়ে উপস্থিত দর্শক শ্রোতাদের মোহিত করলেন। এরপরেই দীপক ক্যাস্টেলিনো, আফগানিস্তানের গায়ক ও সুরকার আবদুল্লা সাফা এবং সুদূর কঙ্গোর গায়ক রোমিও অ্যালেনকে সাথে করে একত্রে গেয়ে উঠলেন ‘ডোন্ট ওরি’। এরপর মঞ্চে নীলরঞ্জন মুখার্জী ওনার হাওয়াইয়ান গিটারে রাগসঙ্গীত পরিবেশনে বাঁশিতে হিমাংশু দত্ত, তবলায় শারিক মুস্তাফা আর পারকাশনে ধীরজ কাপুর সকলের নজর কেড়ে নিলেন। তবে সেদিনের মঞ্চে, একটি সুবিশাল পিয়ানোতে, গৌরী মিশ্রের সুদক্ষ আঙ্গুলি সঞ্চালনা যে সুরধ্বনি সৃষ্টি হয়েছিল, উপস্থিত সকলের কাছে সেটা ছিলো অন্যতম প্রাপ্তি।

উৎসবের দ্বিতীয় দিনের সন্ধ্যায়, সারেঙ্গী বাদক শাহনওয়াজ আলির সাথে, ইরানের সুবিখ্যাত শিল্পী ফকরোদ্দিন সিনা তাঁর কুর্দিশ ডাফ আর তোম্বক সহযোগে যে মধুর ঝংকার তুলেছিলেন, সেই স্বর্গীয় মুহূর্ত হয়তো সহজে ভোলার নয়। এরপরেই কথক নৃত্যের ডালি নিয়ে মঞ্চে এসেছিলেন, বিদুষী ভাস্বতী মিশ্র। অন্তর্ধ্বনি অংশে হিন্দুস্থানী রাগ সঙ্গীতের সাথে খেয়াল পরিবেশন করেন বিদুষী সুভদ্রা দেশাই। তারপর ‘চার ইয়ার গ্রুপ’-এর চার মহারথীর কন্ঠ, ব্যাঞ্জো, গিটার, সরোদ এবং তবলার মেলবন্ধনে, দুর্দান্ত পরিবেশন করেন মদন গোপাল সিং, দীপক ক্যাস্টেলিনো, প্রীতম ঘোষাল এবং আমজাদ খান। উৎসবের সমাপ্তি অনুষ্ঠান হিসাবে উত্তরপ্রদেশে রামপুরের বিখ্যাত নিয়াজি ব্রাদার্স-এর অসামান্য দক্ষতায় কাওয়ালি পরিবেশন, শুধু মুক্তমঞ্চের পরিবেশই নয়, সংলগ্ন এলাকাতেও প্রতিধ্বনিত হয়ে উঠেছিলো।

বিশেষভাবে উল্লেখ্য, রাজধানী শহরের বিশিষ্ট বাচিক শিল্পীগণ যথাক্রমে, ভীষ্মব্রত ভট্টাচার্য, ভাস্বতী গোস্বামী, শমীক ভট্টাচার্য্য এবং তপস্যা ব্যানার্জী,

অঙ্কুর ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।

স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

**A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR 'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!**

Paytm Accepted Here

Paytm से UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

সুদক্ষ সঞ্চালনায়, এই দু'দিন ব্যাপী অনুষ্ঠানকে একটি সুন্দর মালায় গেঁথে আমাদের উপহার দিয়েছেন। যে কোনো সাঙ্গীতিক মঞ্চে, শব্দ সঠিকভাবে নিয়ন্ত্রণ না থাকলে, উপস্থিত দর্শক সেই অনুষ্ঠানের সাথে সহজে একাত্ম হতে পারেন না। এরই লক্ষ্যে এই বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়ে, আমাদের দুই সহযোদ্ধা সৌরশান্ত বিশ্বাস এবং শুভাশিস ঘোষ, অত্যন্ত দক্ষতার সাথে এই দু'দিন আমাদের পূর্ণ সহযোগিতা করেছেন। আমাদের এই আনন্দ আয়োজন, শুধুমাত্র নতুন প্রজন্মকে, বিশ্ব সঙ্গীত সম্পর্কে একটা সুখকর ধারণা ও বার্তা দেওয়ার লক্ষ্যেই পরিকল্পনা নেওয়া হয়েছিলো। এই দু'দিন ব্যাপী অনুষ্ঠানে, দিল্লি অবং সন্নিহিত অঞ্চলের সংস্কৃতিমোদী মানুষদের উজ্জ্বল উপস্থিতি ও অকুণ্ঠ সহযোগিতা, যেভাবে পেয়েছি, আমরা সত্যিই অভিভূত এবং কৃতজ্ঞ।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের আগামী সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লির একনিষ্ঠ উদ্যোগে, আমাদের বার্ষিক ক্যালেন্ডারে প্রচলিত সিনে উৎসবকে ব্যতিরেকে, বছরের অন্য সময়ে, একটু ভিন্ন ধরণের কিছু অনুষ্ঠানের আয়োজন আমরা নিয়মিত করে চলেছি, যার মাধ্যমে, রাজধানী দিল্লি প্রবাসী বাঙালিরা তথা অন্য ভাষাভাষীর সংস্কৃতিপ্রেমী মানুষেরা নতুন কিছু উপহার পেয়ে আমাদের সাথে একসূত্রে আরও বেঁধে বেঁধে থাকেন। এরই লক্ষ্যে, আগামী ১৩-১৫ ডিসেম্বর, 'বিয়ন্ড বাউন্ডস' শীর্ষক তিনদিনব্যাপী আন্তর্জাতিক ডকু-শর্ট ফিল্ম উৎসবের দ্বিতীয় মরশুমের আয়োজন করা হয়েছে। এবারের এই উৎসবে, যুক্তরাজ্যে, মার্কিন যুক্তরাষ্ট্র, ইরান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, পাকিস্তান, আফগানিস্তান এবং ভারতের বিভিন্ন অংশ সহ বিশ্বের কুড়িটিরও বেশি পুরস্কার বিজয়ী তথ্যচিত্র এবং শর্ট ফিল্ম প্রদর্শন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবারের উদ্বোধনী অনুষ্ঠানে, সন্ধ্যায় প্রধান অতিথি হিসাবে আমাদের সকলের মাঝে উপস্থিত থাকবেন প্রখ্যাত অভিনেতা ধৃতিমান চট্টোপাধ্যায়।

পরিচালক স্পন্দন বন্দ্যোপাধ্যায়, এই জনপ্রিয় অভিনেতা ধৃতিমান চট্টোপাধ্যায়কে নিয়ে একটি তথ্যচিত্র নির্মাণ করেছেন, যার নাম দ্য টকিং হেড। প্রথমদিনের সন্ধ্যায় এই তথ্যচিত্রের প্রদর্শন সহ উভয়ের মধ্যে একটি মনোজ্ঞ আলাপ আলোচনার আয়োজন করা হয়েছে। উপরের তথ্যচিত্র ছাড়াও প্রথমদিনে আরও তিনটে ছবি দেখানো হবে। দ্বিতীয় দিনে ১৩টি এবং শেষ

BENGAL ASSOCIATION NEW DELHI

# beyondbounds

IN ASSOCIATION WITH 7TH SOUTH ASIAN SHORT FILM FESTIVAL 2024

## THE SECOND INTERNATIONAL DOCUMENTARY & SHORT FILM FESTIVAL 2024

ORGANISED BY
BENGAL ASSOCIATION
NEW DELHI

13,14 & 15 DECEMBER 2024
MUKTADHARA AUDITORIUM
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET
NEW DELHI 110001

## schedule for beyondbounds2.0

### 13th DECEMBER 2024, FRIDAY

- **City of Lights** (Short • Fiction • Bangladesh • 27 minutes) Dir: **Shahdat Russell - 4.30pm**
- **Cycle of Eternity** (Short • Fiction • India, Beng • 14 minutes) Dir: **Souradeep Dutta - 5.00pm**
- **MUMta Claus** (Short • Fiction • India, Hindi • 10 minutes) Dir: **Gaurav Ganguly - 5.30pm**

**Opening Sarod Recital: Shri Pritam Ghosal** with Shri Pradeep Kumar Sarkar on tabla - **5:45pm**

**Inauguration Programme ( Chief Guests : Dhritiman Chatterjee) - 6.30pm**

- **The Talking Head (Documentary • 80 mins) Dir. Spandan Banerjee - 7.00pm**

**Discussion with Dhritiman Chatterjee and Spandan Banerjee - 8.15pm**

## 14th DECEMBER 2024, SATURDAY

- **Lost For Words** (Documentary• India• 70 minutes) Dir: **Rajaditya Banerjee - 11.00am**
- **Ek Ajeeb Dastaan** (Short • Fiction • India, • 11 minutes) Dir: **Anuroop Chatterjee-12.15pm**
- **Green Citizen** (Short Info on E Waste Management • 4 minites) Dr. Shyamla Mani **- 12.30pm**
- **Vivridh** (Documentary on BPD • 10 minutes)
  **Film by Sangeeta & Asish Banerjee • Concept Vidushi Vaswati Misra-12.45pm**
- **Queer Khalifa** (Short • Fiction • USA • 13 minutes) Dir: **Danial Gondal - 1.10pm**

**A session on Representation of the marginalised in Cinema - 1.25pm**

- **Jamna - River Story** (Documentary India • 40 mins) Dir: **Ishani K. Dutta - 2.30 pm**

**Discussion with the director - 3.15pm**

- **Nehmick** (Short Film • India, Marathi • 30 minutes) Dir: **Yudhajit Bose - 3.45pm**
- **The Apple** (Short • Fiction • UK • 15 minutes) Dir: **Mayank Sharma - 4.30pm**

**For The Children , By The Children.**
**Working with films made by children - A session with Bidisha Das - 4.50pm**

- **Broto Alpona** (Documentary • India • Eng • 32 minutes) Dir: **Sharbari Chowdhury - 5.30pm**

**Talk on Fiction Vs Non fiction - Premendra Majumdar and Avijit Guha - 6.10pm**

- **My Father's Doctor** (Short • Fiction • India,Kashmiri • 18 minutes) Dir: **Danish Renzu-6.30pm**
- **Birohe Jodi** (Short • Fiction • India, Beng • 30 minutes) Dir: **Anuradha Kunda- 7.00pm**
- **Mon Poboner Nao** (Documentary• India• 70 minutes) Dir: **Ladly Mukhopadhyay - 7.35pm**
  **Discussion with the Director - 8.45pm**
- **The Beast Inside** (Short • Fiction • Srilanka • 19) Dir: **Nerun Kalpajith - 9.10 pm**

## 15th DECEMBER 2024, SUNDAY

- **Dukhu Maajhi** (Documentary• India• 30 minutes) Dir: **Somnath Mondol - 12.00 noon**
- **Until Mina** (Short • Fiction • Iran, • 15 minutes) Dir: **Mehdi Arhami-12.35pm**
- **Swami Vivekananda - A Bridge Between The East and The West**
  (Documentary • India • 70 mins) Dir. Anup Pan- **12.55pm**

**Discussion with the Director - 2.00pm**

- **The Clown** (Short • Fiction • Pakistan • 14 minutes) Dir: **Kameel Chima - 3.15pm**

**A session on Importance of Lighting - Amit Dey - 3.40pm**

- **Rath** (Short • Fiction • India, Beng • 20 minutes) Dir: **Saikat Das - 4.30pm**

**Discussion with Jahar Kanungo - From Story to Screenplay- 5.00pm**

- **Rasikan Re** (Short Film • India, Marathi • 33 minutes) Dir: **Puja Kaul - 6.00pm**

**Discussion with the Director/Actor- 6.40pm**

**Closing Ceremony - 7.15pm**

- **Two-way Street** (Short • Fiction • India, Hin • 21 mins) Dir: **Asmit Pathare - 7.45pm**
- **What Will You Take With You** (Short • Fiction • UK, • 15 minutes)
  Dir: **Adil Sher-8.15pm**

দিনে আরও সাতটি ডকু শর্ট ফিল্ম প্রদর্শন মিলিয়ে সর্বমোট দু'ডজন ছবি নিয়েই এবারের উৎসবের ডালি সাজানো হয়েছে। অসংখ্য গুণী মানুষের উপস্থিতি হিসাবে থাকবেন বেশ কয়েকজন সুপরিচিত সিনেমা পরিচালক। ছবি দেখার মাঝেই ওনারা উপস্থিত সকলের সামনে সিনেমা সম্পর্কিত নানা আলোচনায় অংশ নেবেন। গতবছর এই মনোজ্ঞ আলোচনাগুলি দর্শকের কাছে দারুণভাবে গ্রহণযোগ্যতা পেয়েছিলো। বিশেষভাবে উল্লেখ্য, গতবারের মতো এবারেও এই উৎসবে সামিল হতে কোনো আমন্ত্রমূলক পাস বা টিকিট সংগ্রহের প্রয়োজন নেই।

পরিশেষে বলি, যে কোনো আনন্দ আয়োজনে, রসনা তৃপ্তি না হলে, উৎসব ঠিকমতো প্রাণ পায় না, ঠিকমতো জমে ওঠে না। এরই লক্ষ্যে, তিনদিন ব্যাপী বিশেষ আকর্ষণ হিসাবে পালিত হবে 'খাদ্যোৎসব' অর্থাৎ আমাদের দেশের নানা প্রান্তের মুখরোচক এবং লোভনীয় স্ট্রীট ফুড। যাবতীয় খাদ্যের সম্ভার নিয়ে, হাজির থাকবেন রাজধানী দিল্লির রন্ধনপটু মহিলারা। যেখানে আপনারা সকলেই, ন্যায্যমূল্যে কিনে নিতে পারবেন, আপনাদের পছন্দমতো খাবার। আর মাত্র হাতে গোনা কয়েকটা দিন। তিনদিনের এই উৎসবে, বিভিন্ন আঙ্গিকের শর্ট ফিল্ম নিয়ে যাঁরা চিন্তা ভাবনা করেন, তাঁদের শৈল্পিক প্রতিভা অন্বেষণে এবং সমাজের প্রতিবিম্ব হিসাবে তাঁদের কাজকে উৎসাহ দান করতেই আমাদের এই বিশেষ উদ্যোগ। জানি দেখা হবে, নিশ্চয়ই দেখা হবে সকলের সাথে, কারণ ভালবাসার মিলন যে অবধারিত।

## "বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা" আয়োজনে বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি

কয়েকদশক ধরে বহির্বঙ্গে, বর্তমান প্রজন্মের কাছে মাতৃভাষার প্রতি আবেগ, ভালবাসা গড়ে তুলে, বাংলা বইপড়া এবং কেনার অভ্যাসকে উজ্জীবিত রেখে, আমরা আজও সুনামের সাথে "বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা" আয়োজকের মর্যাদা ধরে রাখতে সচেষ্ট হয়েছি। আপনাদের অবগতির জন্য জানাই, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, দিল্লির ইন্ডিয়া গেটের সন্নিকটে, অন্ধ্র ও তেলেঙ্গানা ভবনের ঠিক বিপরীতে, ৫ নম্বর অশোকা রোডের সুবৃহৎ পরিসরে, আগামী ২০-২৩শে মার্চ ২০২৫ চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি

বইমেলা, সাহিত্য উৎসব এবং লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হতে চলেছে। আগ্রহী পাঠক ও ক্রেতাদের জন্য, কলকাতা থেকে আগত বিভিন্ন প্রকাশক সংস্থার বইয়ের সম্ভার যেমন থাকছে, ঠিক তেমনই গণমান্য সাহিত্যিকগণের উজ্জ্বল উপস্থিতি ও সাহিত্য সম্পর্কিত নানা মনোজ্ঞ অনুষ্ঠানের পরিকল্পনাও নেওয়া হয়েছে। আরও বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট ও ফেসবুক পেজে নজর রাখার অনুরোধ জানাই।

## শোক সংবাদ

রাজধানী দিল্লির সাংস্কৃতিক জগতের এক অনন্য নাট্য ব্যক্তিত্ব শ্রী অজিত দত্ত মহাশয়ের প্রয়াণে, শিল্পী মহলে শোকচ্ছায়া নেমে এসেছে। ওনার স্মরণে, যথাযোগ্য মর্য্যাদায়, সম্প্রতি একটি শোকসভা পালিত হয়েছে। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করে, পরিবারের প্রতি সমবেদনা জানাই।

বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লির সম্মানীয় সদস্য এবং সুপরিচিত গুণী ব্যক্তিত্ব ডঃ ইন্দ্রনাথ চৌধুরী স্বর্গলোক গমন করেছেন। দিল্লি সরকারের সহযোগিতায় রাজধানীতে, বাংলা একাডেমী গড়ে তোলার প্রয়াসে যে কমিটি গঠন হয়েছিল, উনি তার সভাপতিত্ব করেন। রবীন্দ্রজয়ন্তী পালনে, আমাদের সংস্থার গৌরবময় প্রভাতী অনুষ্ঠানের নির্দিষ্ট স্থান হিসাবে, আশির দশকে মান্ডি হাউস সংলগ্ন রবীন্দ্রভবনকে নির্বাচন করার ক্ষেত্রে, ওনার গুরুত্বপূর্ণ অবদান অনস্বীকার্য। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করে, পরিবারের প্রতি সমবেদনা জানাই।

আমাদের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলীর সহোদর, এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রবীণ সদস্য, নৃপেন গাঙ্গুলী দীর্ঘ রোগভোগের পর, সম্প্রতি প্রয়াত হয়েছেন। উনি কর্মজীবনে প্রয়াত রাষ্ট্রপতি মাননীয় প্রণব মুখার্জীর ভাষা সচিব হিসাবে কর্মরত ছিলেন। প্রয়াত নৃপেন বাবু, দক্ষিণ দিল্লি কালীবাড়ির একজন অন্যতম প্রতিষ্ঠাতা হিসাবেও সুপরিচিত ছিলেন। এনার আরও একটি বিশেষ পরিচয়, ইনি ছিলেন রাজধানী দিল্লির, যাত্রা শিল্পের পথিকৃৎ দল, শ্রীমতী অপেরা'র একজন কর্ণধার এবং দিল্লির জনপ্রিয় নাট্যগোষ্ঠী 'ধুমকেতু'র একজন প্রতিষ্ঠাতা। বেঙ্গল অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতির


ফুটপাথে যা
ফুঁ-দিয়ে খা
STREET FOOD
FESTIVAL
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET
NEW DELHI 110001
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI

পক্ষ থেকে, ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করে, ওনার পরিবারের প্রতি সমবেদনা জানাই।

## আনন্দ সংবাদ

আবারও বাংলা ও বাঙালির গর্ব করবার দিন। এই প্রথম কোনও বাঙালি গায়িকার গান, কোনো একটি বাংলা গান, অস্কার দৌড়ে সামিল হওয়ার, নমিনেশন পাওয়ার সৌভাগ্য অর্জন করলো। সারা বিশ্ব থেকে প্রায় ৮৯টি গান ও ১৪৬টি আবহসঙ্গীতকে বেছে নেওয়া হয়েছে। ইন্দিরা ধর মুখোপাধ্যায় পরিচালিত 'পুতুল' ছবিতে পথশিশুদের নিয়ে, জনপ্রিয় কণ্ঠ শিল্পী ইমন চক্রবর্তীর গাওয়া একটি গান 'ইতি মা' স্থান করে নিয়েছে এই বিশেষ তালিকায়। এছাড়াও, 'ব্যান্ড অফ মহারাজাস' নামক একটি ছবির পাঞ্জাবি গান 'ইশক ওয়াল্লা ডাকু' যার সুরকার বিক্রম ঘোষ, সেরা মৌলিক গানের জন্য প্রতিদ্বন্দ্বী হিসাবে রয়েছে। উক্ত দুটো সিনেমার স্কোরও, সেরা মৌলিক স্কোরের জন্য মর্যাদাপূর্ণ বাছাই পর্বে তালিকাভুক্ত হয়েছে। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, এই উদ্যোগে জড়িয়ে থাকা সকলকে আন্তরিক অভিনন্দন জানানো হলো।

## বিশেষ সংবাদ

গত ১০ই নভেম্বর, ২০২৪ জগদ্ধাত্রী পূজার সন্ধ্যায়, দিল্লির চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির সোসাইটির সহায়তায়, মর্ণিং ক্লাবের সদস্যদের অভিনীত একটি নাটক মন্দির প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। জনসচেতনতায় মোড়া হাসির এই নাটকের নাম 'সমস্যা সমাধান'। নাটকটির নির্দেশনায় ছিলেন সুজিত চট্টোপাধ্যায়। মর্ণিং ক্লাব মানেই বয়স্কদের ক্লাব। তাই সব বয়স্করাই এই নাটকে প্রাণঢালা অভিনয় করে, উপস্থিত দর্শকদের মাতিয়ে রেখেছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, দীর্ঘ বাইশ বছর ধরে, বিশেষ উদ্যোগ নিয়ে প্রত্যেক জগদ্ধাত্রী পুজোর রাত্রে, নানা ধরনের নাটক মঞ্চস্থের মাধ্যমে, দর্শকমন্ডলীর মনোরঞ্জন করে আসছে এই মর্ণিং ক্লাব।

গত ১৭ই নভেম্বর, রবিবার বিকেলে, মাতৃমন্দির লাইব্রেরী হলে বসেছিল 'বঙ্গ সংস্কৃতির আসর'। আসরের প্রথা মেনে আসর শুরু হয় 'বাংলার মাটি,

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

বাংলার জল’ গানটির মাধ্যমে। গানটিতে উপস্থিত সকলেই কণ্ঠ মেলান। নভেম্বর মাসে যে সকল বাঙালি মণীষী জন্মগ্রহণ করেছেন, তাঁদের নাম পড়ে শোনানো হয় এবং আমাদের জীবনে তাঁদের অবদান সম্পর্কে আলোকপাত করা হয়। গান, কবিতা, ছোট স্বরচিত লেখা পাঠের মধ্যে দিয়ে সেদিনের আসর মনোগ্রাহী রূপ ধারণ করে। আসরের প্রথা মেনে এই মাসে যাঁদের জন্মমাস তাঁদের একটি লাল গোলাপ দিয়ে দীর্ঘ সুস্থ ও সফল জীবনের প্রার্থনা করা হয়। এরপর ‘মোদের গরব মোদের আশা’ গানটি গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।


## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১৫ই নভেম্বর সন্ধ্যায়, মুক্তধারা প্রেক্ষাগৃহে দিল্লির দিলশাদ গার্ডেন অঞ্চলের প্রখ্যাত সঙ্গীত শিক্ষা প্রতিষ্ঠান ‘রূপা কলা নিকেতন’ তাদের বার্ষিক অনুষ্ঠান মঞ্চস্থ করে। বিশেষ আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. অমিতাভ মুখার্জী ও মৃণাল কান্তি বিশ্বাস। সঙ্গে ছিলেন প্রতিষ্ঠানের সভাপতি শ্রী পূর্ণেন্দু ঘোষ ও সংস্থার সক্রিয় সদস্য শ্রী সুভাষ কুমার বসু এবং শ্রী সাধন দত্ত। সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা তাদের অভিজ্ঞ ও সুদক্ষ শিক্ষক শিক্ষিকাদের পরিচালনায়, রবীন্দ্র সঙ্গীত, ভিন্ন শৈলীর নৃত্য এবং যন্ত্রসঙ্গীত ইত্যাদির বেশ কয়েকটি মনোরঞ্জক প্রস্তুতি পরিবেশন করেন। অনুষ্ঠানের শেষের মূল আকর্ষণ ছিল, দিল্লির সুপরিচিত সঙ্গীতগোষ্ঠী ‘ছন্দবাণী’ ও গ্রেটার-নয়ডার নৃত্য শিক্ষা প্রতিষ্ঠান ‘কলা সৃজনী’র যৌথ উদ্যোগে, কবিগুরুর ‘চিত্রাঙ্গদা’ নৃত্যনাট্যেরই কিছুটা সংক্ষিপ্ত সংস্করণ হিসাবে ‘রাজ নন্দিনী’ নৃত্যনাট্য।

গত ২৭শে নভেম্বর, ইম্প্রেসারিও ইন্ডিয়া সযত্ন আয়োজনে, ইন্ডিয়া হ্যাবিট্যাট সেন্টারের স্টেইন অডিটোরিয়ামে, রাজধানী শহরের অন্যতম নাট্যদল, গ্রীণরুম থিয়েটার তাদের বহুলচর্চিত নাটক ‘অসুখ’ মঞ্চস্থ করলেন এক অযাচিত সুখ বর্ষণ করে। ‘অসুখ’ নাটকটির কাহিনীকার তাঁর চমৎকার বুননে, সংলাপ লিখে, নাট্যদলের অস্থিরতা, অন্ধকার অস্বাস্থ্যকর দিকগুলো তুলে ধরতে চরিত্রগুলোর সফল চিত্রায়ন ঘটিয়েছেন। রাজধানী দিল্লি শহরের অসংখ্য নাট্যপ্রেমীরা উপস্থিত হয়ে, একটা মনোজ্ঞ সন্ধ্যা সেদিন উপহার পেলেন। নাটকটি নির্দেশনায় ছিলেন অঞ্জন কাঞ্জিলাল।

# একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর "অ্যাসোসিয়েশন সংবাদ" নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরাজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।




আবার
আনন্দ,
আড্ডা,
আদান প্রদান,
অফুরান।
২০ - ২৩ মার্চ ২০২৫
সবার গন্তব্য হোক
৫ নম্বর অশোক রোড
BHARAT
Lokotsav
20-23 MARCH, 2025
5, ASHOKA ROAD
NEW DELHI 110 001
দ্বাবিংশতিতম
দিল্লি
বইমেলা
এবং
সাহিত্য উৎসব
22nd
DILLI
BOIMELA
& LITERATURE FESTIVAL
20th -23rd MARCH 2025
(A PART OF 21st BANGA SANSKRITI SAMMELAN)
VENUE: 5 ASHOKA ROAD, OPP. ANDHRA & TELENGANA BHAVAN, NEAR INDIA GATE, NEW DELHI




**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**